

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
১১৬/খ, তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

নং- বিটাক/সঃদঃ/প্রশাঃচ(৮৭)/৭৩-২য়/


১১৭৪

তারিখঃ ২৭/০৯/২০২১ইং।

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের নির্দেশক্রমে বিটাক, ঢাকা কেন্দ্রের সিএনসি সপের ব্যবহার অনুপযোগী ৪টি মেশিন যথাক্রমে CNC Milling, CNC Lathe, CNC Wire-cut EDM এবং CNC Machining Center নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে পুনঃনিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

০১।	মন্ত্রণালয়/বিভাগ	শিল্প মন্ত্রণালয়।
০২।	সংস্থার নাম	বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)।
০৩।	নিলাম দরপত্রের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)।
০৪।	আহবানকৃত কাজের ধরণ	বিটাক, ঢাকা কেন্দ্রের গুদাম বিভাগের প্রাঙ্গণে রক্ষিত অত্র কেন্দ্রের সিএনসি সপের ব্যবহার অনুপযোগী ৪টি মেশিন যথাক্রমে CNC Milling, CNC Lathe, CNC Wire-cut EDM এবং CNC Machining Center নিলামে বিক্রয় ও সম্পূর্ণরূপে অপসারণ।
০৫।	নিলাম দরপত্রের নং ও তারিখ	বিটাক/সঃদঃ/প্রশাঃচ(৮৭)/৭৩-২য়/ , তারিখঃ ২৭/০৯/২০২১ইং।
০৬।	নিলাম এর সিডিউলের মূল্য	প্রতিটি দরপত্রের জন্য ৫০০/= (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য)।
০৭।	সংরক্ষিত মূল্য	সিএনসি সপের ব্যবহার অনুপযোগী ৪টি মেশিন যথাক্রমে CNC Milling, CNC Lathe, CNC Wire-cut EDM এবং CNC Machining Center এর সংরক্ষিত মূল্য = ৭,৭৯,৫৫০.৫ (সাত লক্ষ উনআশি হাজার পাঁচশত পঞ্চাশ টাকা পঞ্চাশ পয়সা) মাত্র (ভ্যাট+ ট্যাক্সসহ)।
০৮।	নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	২৮/০৯/২০২১ ইং।
০৯।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ, স্থান ও সময়	১৩/১০/২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত, ক্যাশিয়ার (ক্যাশ), বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১০।	দরপত্র জমা দেয়ার শেষ তারিখ, স্থান ও সময়	১৪/১০/২০২১ তারিখ, সকাল ৯.০০ টা থেকে বেলা ১১.০০ টা পর্যন্ত জমা দেয়া যাবে নিম্নোক্ত স্থানে.. • অভ্যর্থনা লবি, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। • অফিস বিল্ডিং, বিটাক, ১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১১।	দরপত্র বাস্তব খোলার তারিখ,স্থান ও সময়	১৪/১০/২০২১ তারিখ, দুপুর ২.০০ ঘটিকা, সভা কক্ষ, বিটাক, ঢাকা।
১২।	জামানত ও জামানত প্রদান প্রক্রিয়া	তফসিলভুক্ত যে কোনো ব্যাংক হতে মহাপরিচালক, বিটাক, এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।
১৩।	নিলামকৃত মেশিনসমূহ গ্রহণের/ অপসারণের সময়সীমা	গৃহীত দরের উপর বিধি মোতাবেক ভ্যাট ও আয়করসহ সমুদয় অর্থ পরিশোধ স্বাপেক্ষে কার্যাদেশ প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিন।
১৪।	দরপত্র দাখিলকারীর যোগ্যতা	ক)হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ)হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন; ও গ)হালনাগাদ আয়কর সনদ।
১৫।	অন্যান্য তথ্য ও শর্তাবলী নিলাম দরপত্র দলিলে বিস্তারিত পাওয়া যাবে।	
১৬।	বিজ্ঞপ্তি বিটাক এর ওয়েবসাইট www.bitac.gov.bd তে পাওয়া যাবে।	
১৭।	যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল/গ্রহণ বা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।	



(মোহাম্মদ সাইফুল্লাহ)

সদস্য সচিব

নিলাম বিক্রয় কমিটি

ও সহকারী পরিচালক (প্রশাসন)

বিটাক, ঢাকা।